মহুয়া হকের জন্য ভার্চুয়াল শোক সভা এবং প্রার্থণা

২৯ আগষ্ট রোববার সন্ধ্যা ৭টায় সদ্য প্রয়াত সমাজকর্মী এবং মিডিয়া ব্যক্তিত্ব মহুয়া হকের বিদায়কে লক্ষ্য করে এক সংক্ষিপ্ত ভার্চুয়াল শোক সভা অনুষ্ঠিত হয়। বিশিষ্ট সমাজর্মী এবং রাজনীতিবিদ গামা আবদুল কাদিরের সভাপতিত্বে এবং ড. কাইউম পারভেজের সঞ্চালনায় এ শোক সভায় শুরুতেই মহুয়া হকের প্রয়াত আত্মার শান্তির জন্য প্রার্থণা পরিচালনা করেন মানিক বাড়ৈ। মহ্রয়া হকের আত্মার প্রতি সন্মান জানিয়ে স্মৃতিচারণ করেন ফখরুদ্দীন আহমদ, প্রফেসর ফজলুর রহমান, ড. আবদুর রাজ্জাক, মামুনুর রশীদ, ইঞ্জিনিয়ার আবদুল মতিন, মিজানুর রহমান তরুণ, লরেন্স ব্যারেল, অশোক অধিকারী, রায়হানা রহমান মুক্তা, নাসিম রাজ্জাক, কানিজ রশীদ, অমিয়া মতিন, রিতা করিম, কবিতা পারভেজ, ডেইজী মিঠু বিশ্বাস, লীনা ব্যারেল এবং আমরীন হান্নান। মহুয়া হকের ছেলে রাহুল গাজী তাঁর মায়ের বর্ণাঢ্য জীবনের নানান ঈর্ষণীয় এবং শিক্ষনীয় দিক গুলো তুলে ধরেন। স্মৃতিচারণ করতে গিয়ে সকলেই আবেগতাড়িত হয়ে পড়েন কেউ কেউ অশ্রুসজল হয়ে ওঠেন। সকলে এক বাক্যে বলেন তাঁকে সব সময় মনে হতে। তিনি আমাদের পরিবারের একজন। এ শহরে সাংস্কৃতিক মূল্যবোধ বিকাশে তাঁর ভূমিকা এবং অবদানের কথা সকলেই শ্রদ্ধার সাথে স্মরণ করেছেন। এসবিএস রেডিওর বাংলা অনুষ্ঠান সম্প্রচারে তাঁর প্রজ্ঞা মেধা ও মননের কথা বারবার আলোচনায় উঠে এসেছে। সর্বোপরি তাঁর পরিপাটী রুচিশীলতা এবং বাঙালিআনার কথা প্রশংসার সাথে সকলে স্মরণ করেছেন।

অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন করতে সহায়তা করার জন্য জন্মভূমি টেলিভিশন এবং আবূ রেজা আরেফিনকে ধন্যবাদ জানানো হয়।

সভাপতির সমাপনী বক্তব্যে গামা আবদুল কাদির বলেন মহুয়া হক জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সবার সুখ-দুঃখে পাশে এসে দাঁড়াতেন। আমাদের এই বাঙালি কম্যুনিটি সাংস্কৃতিক বিকাশে আজকের যে অবস্থানে এসে দাঁড়িয়েছে তাতে মহুয়া হকের যথেষ্ঠ অবদান আছে। তাঁর পবিত্র আত্মার শান্তি কামনা করছি।







